

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাজেট শাখা-২।

নং-৪৪.০০.০০০০.০২৫.০৬.০০১.২২-২০০

তারিখ: ০৬ পৌষ, ১৪২৯ বঙ্গাব্দ
২১ ডিসেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার অডিট আপত্তিসমূহ দ্রুত নিরসনকল্পে নিম্নরূপ ত্রি-পক্ষীয় অডিট কমিটি গঠন ও কার্যপরিধি নির্ধারণ করা হলোঃ


(১) ত্রি-পক্ষীয় অডিট কমিটিঃ

- | | | |
|------|--|--------------|
| (ক) | যুগ্মসচিব (বাজেট অধিশাখা), জননিরাপত্তা বিভাগ | - সভাপতি |
| (খ) | সংশ্লিষ্ট অধিদপ্তর/দপ্তর/সংস্থার প্রতিনিধি | - সদস্য |
| i. | বাংলাদেশ পুলিশ অধিদপ্তরের ক্ষেত্রে ডিআইজি/অতিরিক্ত ডিআইজি এর নিচে নয়। | |
| ii. | বর্ডার গার্ড বাংলাদেশ এর ক্ষেত্রে পরিচালক এর নিচে নয়। | |
| iii. | বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ক্ষেত্রে উপ-মহাপরিচালক/পরিচালকের নিচে নয়। | |
| iv. | বাংলাদেশ কোস্ট গার্ড এর ক্ষেত্রে উপ-পরিচালকের নিচে নয়। | |
| v. | এনটিএমসি'র ক্ষেত্রে পরিচালক/উপ-পরিচালকের নিচে নয়। | |
| vi. | তদন্ত সংস্থার ক্ষেত্রে পরিচালক/উপ-পরিচালকের নিচে নয়। | |
| (গ) | আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরের উপযুক্ত প্রতিনিধি (মহাপরিচালক কর্তৃক মনোনীত) | - সদস্য |
| (ঘ) | উপসচিব/সি:সহ:সচিব/সহ:সচিব (বাজেট-২ শাখা), জননিরাপত্তা বিভাগ | - সদস্য সচিব |

(২) কমিটির কার্যপরিধিঃ

- কমিটি জননিরাপত্তা বিভাগ এর আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার অডিট আপত্তি নিষ্পত্তির ক্ষেত্রে প্রয়োজনানুযায়ী সভা আয়োজন এবং সুপারিশ প্রদান করবে;
- কমিটি জননিরাপত্তা বিভাগ, বিভিন্ন অধিদপ্তর/দপ্তর/সংস্থার বিভাগীয়/আঞ্চলিক/জেলা অফিসে সভায় মিলিত হতে পারবে।
- কমিটি প্রয়োজনবোধে বিভিন্ন অফিস পরিদর্শন করে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবে;
- কমিটি সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, সংশ্লিষ্ট অধিদপ্তর/দপ্তর/সংস্থা প্রধান এবং মহাপরিচালক, আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরকে নিয়মিতভাবে প্রতিবেদন প্রদান করবে।

(৩) ত্রিপক্ষীয় অডিট কমিটি সংক্রান্তে এ মন্ত্রণালয়/বিভাগ হতে পূর্বে কোন নির্দেশনা জারী হয়ে থাকলে তা বাতিল হিসেবে গণ্য হবে।


(মোঃ আবদুল মান্নান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২২২৩৩৫৪৫১৩

বিতরণ: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):


- ১। পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
- ২। মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড, ঢাকা।
- ৩। মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
- ৪। মহাপরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, খিলগাঁও, ঢাকা।
- ৫। মহাপরিচালক, ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার, ঢাকা।
- ৬। সমন্বয়ক, তদন্ত সংস্থা, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, ঢাকা।
- ৭। মহাপরিচালক, আইটি ও জনসেবা অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।

নং- ৪৪.০০.০০০০.০২৫.০৬.০০১.২২-২০০

তারিখ: ০৬ পৌষ, ১৪২৯ বঙ্গাব্দ
২১ ডিসেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সিস্টেম এ্যানালিস্ট (আইসিটি সেল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। যুগ্মসচিব (বাজেট অধিশাখা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। অফিস/মাস্টার কপি।


(মোঃ আবদুল মান্নান)
সিনিয়র সহকারী সচিব